Chapter ২

0335CH02

# মেলায় যাওয়া



## মেলার জন্য প্রস্তুতি

অবশেষে শহরে মেলা শুরু হল। নীতা ও রাধা মেলায় যাবার জন্য প্রস্তুত হচ্ছে। তারা বেশ উত্তেজিত। মেলাটি বাড়ি থেকে অল্প দূরে; তাই তাদের বাসে যেতে হবে।



© NCERT not to be republished

"কী হচ্ছে? তোমাদের সবাইকে খুব ব্যস্ত মনে হচ্ছে?" দাদিজী বলল।

"আমরা মেলায় যাচ্ছি, দাদিজী। চলো আমাদের সাথে!" নীতা ও রাধা অনুরোধ করলো।

"মেলা! ও হ্যাঁ, তোমার মাও আমাকে যেতে বলছিল। আমারও ভালো লাগতো, কিন্তু তোমরা তো জানোই আমার পায়ে ব্যথা" দাদিজী বলল।

নীতার বাবা সেই কথোপকথনে যোগ দিল। "আমাদের সাথে অনেকে যাচ্ছে। আমাদের প্রতিবেশীরা, স্নেহা ও রোহিত, এবং মোহন চাচা (কাকা) ও তার পরিবারও। তারা আজ ট্রেনে আসছে। চিন্তা কোরো না! আমরা তোমার খেয়াল রাখব'।

দাদিজী হেসে উত্তর দিলেন, "ঠিক আছে, আমি যাব। তোমরা তোমাদের জলের



not to be republished





বোতলগুলো ভরে নিয়েছো তো?"

"ও হ্যাঁ, দাদিজী! আমাদের স্পেশাল ব্যাগটাও তৈরি," নীতা জবাব দিল। বাচ্চারা আনন্দে লাফালাফি শুরু করল। সবাই খুব খুশি কারণ দাদিজী মেলায় যেতে রাজী হয়েছে।

নীতার বাবা প্রতিবেশীদের ডেকে সময়মতো প্রস্তুত থাকতে বলল।

এরই মধ্যে মোহন চাচা তাদের ডেকে বলল যে তারা নীতা ও তার পরিবারের সাথে মেলায় সরাসরি দেখা করবে। তারা মেলায় পৌঁছানোর জন্য প্রথমে সিটি বাস ও পরে অটোরিকশা নেবে।

"বাহা! এখানে তো আমাদের অনেকেই আছে। আমরা এখানে খুব মজা করব!" রাধা উৎসাহিত হয়ে বলল।



### আলোচনা করো

- নীতা ও রাধার পরিবার যে বিশেষ ব্যাগটি বয়ে নিয়ে এসেছে তাতে কী ছিল বলে তোমার মনে হয়?
- তুমি কোথাও বেড়ানোর জন্য কীভাবে নিজেকে তৈরি করবে?

© NCERT not to be republished



## মেলায় যাবার পথে



স্নেহা ও রোহিত শুধু নীতার প্রতিবেশী ই নয়; তারা ঘনিষ্ঠ বন্ধুও। তারাও মেলায় যাবার জন্য প্রস্তুতি নিচ্ছে।

"স্নেহা, তাড়াতাড়ি তৈরি হয়ে নাও। নীতার পরিবার তাড়াতাড়িই চলে আসবে।" নীতার মা বললেন।



"মা, আমি প্রায় তৈরি।" স্নেহা আরও বলল, 'আমি শুধু এটা নিশ্চিত করছি যে, আমার যা যা দরকার তা আমি সঙ্গে নিয়েছি কি না।"

"এবার যাবার সময় হয়েছে। নীতার পরিবারও চলে এসেছে," তার বাবা বলল।

এর পরপরই তারা সবাই মেলার জন্য বেরিয়ে পড়ল।



© NCERT not to be republished




নিতা ঠাকুরমার হাত ধরে আস্তে আস্তে বাসস্টপের দিকে নিয়ে গেল। দু'দিক থেকে চলাচলকারী যানবাহনের উপর নজর রেখে তারা রাস্তায় সাবধানে হাঁটছিল।

আস্তে আস্তে থেমে গেল ৪০১ নম্বর বাসটি। কন্ডাক্টর এবং নীতার বাবা সাহায্য করেছিলেন ঠাকুরমাকে বাসে উঠতে। সেখানে বয়স্কদের জন্য একটি বসার আসন সংরক্ষিত ছিল। ঠাকুরমা তাতে আরাম করে বসলেন।

সবাই বাসে উঠে এদিক ওদিক বসে পড়ল ঠাকুমার পাশে। রোহিতের বাবা সবার জন্য টিকিট কেনার জন্য জোর দিয়েছিলেন। তার বাবা কন্ডাক্টরকে বললেন, দয়া করে "পাঁচটা ফুল আর চারটে হাফ টিকিট দিন। তিনি বাচ্চাদের তাদের বসার আসনে বসতে বলেছিলেন এবং চারপাশে লাফালাফি করতে বারন করেছিলেন। তিনি তাদের নিরাপত্তার জন্য তাদের হাত বা মাথা জানালার বাইরে রাখতে বারন করেছিলেন। বাসটি শহরের মধ্য দিয়ে গেল এবং অবশেষে যে বড় মাঠে পৌঁছাল যেখানে মেলা অনুষ্ঠিত হচ্ছিল।

© NCERT not to be republished





## আলোচনা করো

- তোমার শহর/নগর/গ্রামের মধ্যে যাতায়াত করার জন্য তুমি কোন পরিবহন ব্যবহার করো ?
- বাস, গাড়ি বা সাইকেল চালানোর সময় কেন সুরক্ষা ব্যবস্থা অনুসরণ করা উচিত?

## লেখো

তোমার বন্ধু, প্রতিবেশী বা পরিবারের সাথে তুমি  কোন কোন জায়গায় ভ্রমণ করেছ তা সংক্ষেপে বর্ণনা করো।




© NCERT not to be republished



## মেলায়

উভয় পরিবারের লোকজন বড় প্যারেড মাঠে পৌঁছেছিল যেখানে মেলা অনুষ্ঠিত হচ্ছিল। মোহন কাকা এবং তার পরিবারও একটি অটোরিকশা থেকে নেমে আসে।

প্রবেশদ্বারে ঢুকতেই একটি মানচিত্র ছিল যেখানে মেলার বিভিন্ন স্টল এবং তাদের অবস্থান দেখানো হয়েছে। পাশেই দাঁড়িয়ে ছিল একটি অ্যাম্বুলেন্স, পুলিশের জিপ ও দমকলের গাড়ি। স্বেচ্ছাসেবকদের সাথে 'হারানো এবং খুঁজে পাওয়া' বুথও ছিল। মোহন কাকা এবং রোহিত ঠাকুরমার জন্য একটি হুইলচেয়ার পাতার জন্য তাড়াতাড়ি করেন।

© NCERT not to be republished






ভেতরে ঢুকতেই চোখে পড়ল খেলাধুলা, খেলনা, মিষ্টিসহ নানা আকর্ষণীয় জিনিসের স্টল। বাচ্চারা খুব খুশি হল। তারা খেলনার



দোকানে গিয়েছিল যেখান থেকে তারা লাট্টু, কাপড়ের পুতুল,চকরি আর পুতুল কিনেছিল। বাচ্চারা তখন নাগরদোলা এবং দৈত্যকার চাকার উপর চড়েছিল। স্নেহা আর রাধা চুড়ি আরও অন্যান্য গহনার জিনিস কিনে আনল।






নীতা বলল, "চল এখন গিয়ে জাদুর খেলা দেখে আসি। তারাও তখন জাদুর খেলা উপভোগ করেন!

মোহন কাকা ছেলেমেয়েদের ডেকে বললেন, "তোমরা অনেক মজা করেছ; এখন চলো কিছু খেয়ে নিই। তবে খাওয়ার আগে ভালো করে হাত ধুয়ে নিতে হবে।" বাচ্চারা জলের কলের কাছে গেল এবং গিয়ে হাত ধুয়ে নিল।তারা সবাই খেয়েছে ফুচকা, চাট, ছোলা কুলচা,গরম জিলিপির সাথে রাবরী, কুলফি এবং অন্যান্য অনেক সুস্বাদু জিনিস। খাওয়ার পর তারা সব বর্জ্য ডাস্টবিনে ফেলে দাও।

যখন তারা মেলা ছেড়ে চলে যাচ্ছিল , ঠাকুরমা চিৎকার করে বলল, "দেখো বাচ্চারা! পুলিশ অফিসারের সঙ্গে কে আছে?"

সব বাচ্চারা একসাথে উত্তর দিল, "ঠাকুরমা এটা একটা পুলিশ কুকুর!"





**তুমি কি জানো?**

কুম্ভমেলা হল এক এটি বিশ্বের সবচেয়ে বড় উৎসব। এটি মানবজাতির বৃহত্তম সমাবেশ এবং গঙ্গা, যমুনা, গোদাবরী এবং শিপ্র নদীর তীরে অনুষ্ঠিত হয়। এটি হরিদ্বার, প্রয়াগরাজ, নাসিক এবং উজ্জয়িনীতে প্রতি ১২ বছরে একবার অনুষ্ঠিত হয়।



© NCERT not to be republished

## লেখো

- 'হারানো এবং খুঁজে পাওয়া' বুথের উদ্দেশ্য কী?

- পুলিশ কুকুরের ভূমিকা কী?

- তুমি কি কখনও একটি মেলায় গিয়েছো? তুমি কোন জিনিসগুলি সবচেয়ে বেশি পছন্দ করো?

## আলোচনা করো

### অভিজ্ঞতা ভাগ করে নেওয়া

নীতা, রাধা, স্নেহা এবং রোহিতের জায়গায় নিজেকে কল্পনা করো। তুমি যে আকর্ষণীয় জিনিসগুলি করবে তা শ্রেণীকক্ষে আলোচনা করো।




















- পরিবারের বড়দের সাথে কথা বলো এবং জেনে নাও তাদের ছোটবেলায় মেলা কীরকম অন্যরকম ছিল।
- কেন দমকলের ইঞ্জিন ও অ্যাম্বুলেন্স মেলায় থাকে?



© NCERT not to be republished

1

## একটি স্কেচ আঁকো




© NCERT not to be republished

স্কেচটি অধ্যয়ন করো এবং উত্তর দাও।

- মানচিত্রে রোহিত এবং স্নেহার বাড়িটি সন্ধান করো এবং বৃত্তাকার করো।
- মানচিত্রে নীতা এবং রাধার বাড়িটি সন্ধান করো এবং বৃত্তাকার করো।
- প্যারেড মাঠের কাছাকাছি কার বাড়ি?
- থানা থেকে প্যারেড মাঠে যেতে হলে কোন জায়গা দিয়ে যাবে?



## আঁকো

প্রদত্ত স্থানে, বাড়ি থেকে বিদ্যালয় যাওয়ার রাস্তাটি স্কেচ করো যা তুমি প্রতিদিন অনুসরণ করো।

© NCERT not to be republished





## এসো আমরা প্রতিফলিত করি

### ক. শ্রেণীকক্ষে আলোচনা করো

1. কীভাবে আমরা আমাদের বড়দের যত্ন নিতে পারি?
2. আমরা আমাদের চারপাশের কী ধরনের যানবাহন দেখতে পাই?
3. ভ্রমণের সময় আমরা কীভাবে সুরক্ষা নিশ্চিত করতে পারি?

### খ. শব্দের সাথে ছবিগুলি মিলিয়ে দেখো

তালিকা থেকে একটি উপযুক্ত শব্দ চয়ন করো, এটি একটি ছবির সাথে মিলিয়ে নাও এবং ছবির নীচে শব্দটি লেখো। তোমার জন্য একটা করা হয়েছে।




স্বেচ্ছাসেবক










- দমকলকর্মী
- হালওয়াই/মিষ্টান্ন
- খেলনা বিক্রেতা
- পুতুলনাচ
- চুড়ি বিক্রেতা
- স্বেচ্ছাসেবক
- পুলিশ কর্মকর্তা
- চিকিৎসক বা ডাক্তার
- মেহেন্দি শিল্পী










© NCERT not to be republished



## গ. তোমার খাতায় আঁকো

তুমি তোমার বিদ্যালয় ও বাড়ির আশেপাশে দেখতে পাও এমন বিভিন্ন যানবাহনের ছবি আঁকো ও চিহ্নত করো।

## ঘ. ভুমিকা পালন করো : একটি উপহাস মেলার আয়োজন করো

তোমার শিক্ষকের সহায়তায়, একটি উপহাস মেলার আয়োজন করো তোমার শ্রেণীকক্ষে। বিভিন্ন ভূমিকা, স্টল ও খেলাগুলি নিয়ে আলোচনা ও পরিকল্পনা করো যা মেলার একটি অংশ। স্থানীয়ভাবে পাওয়া যায় শেখার শিক্ষণ উপকরণগুলি ব্যবহার করো, যেমন- খেলনা, পুতুল, খেলনা টাকা, ক্ষুদ্রাকৃতি এবং মাটির মডেলগুলি তোমার স্টল এবং ভুমিকা খেলায় ,ক্রেতা এবং বিক্রেতাদের সংস্থাপন করো।





© NCERT not to be republished